সংবাদ

তারিখ 09 APR 2007
পৃষ্ঠা ১২ কলাম ৪

হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

# ছাত্রদের দু'গ্রুপে সংঘর্ষ আহত ১২ : উপাচার্যের পদত্যাগ

জেলা বার্তা পরিবেশক, দিনাজপুর

দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে গতকাল রোববার একটি তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ক্যাম্পাসে দু'দল ছাত্রের মধ্যে ঘণ্টাব্যাপী সংঘর্ষে ১২ ছাত্র আহত হয়েছে। গুরুতর আহত অবস্থায় ৪ জনকে বিশ্ববিদ্যালয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। খবর পেয়ে পুলিশ ক্যাম্পাসে প্রবেশ করে দুটি ছাত্রাবাসে তল্লাশি চালিয়ে বিপুল পরিমাণ হকিস্টিক, লাঠি, লোহার রড ও ধারালো চাপাতি উদ্ধার করেছে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. মোতাহার হোসেন মণ্ডল পদত্যাগ করেছেন। গতকাল রোববার ফ্যাক্সযোগে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব বরাবর পাঠানো পদত্যাগপত্রে আজ ৯ এপ্রিল থেকে তিনি উপাচার্য পদ থেকে অব্যাহতি চেয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের কয়েকজন ছাত্রছাত্রী জানান, গত দু'দিন পূর্বে ক্যাম্পাসে এক ছাত্রীকে উত্যক্ত করাকে কেন্দ্র করে প্রথম বর্ষের ছাত্রদের সাথে সিনিয়র ছাত্রদের বাক বিতণ্ডা হয়। এর সূত্র ধরে রোববার দুপুরে প্রথম বর্ষের ছাত্রছাত্রীরা মিড টার্ম পরীক্ষা শেষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ডি-ব্লকের সামনে দিয়ে যাওয়ার সময় একদল সিনিয়র ছাত্র তাদের উপর হামলা চালায়। এ সময় ছাত্রদের ধাওয়া-পাল্টা ধাওয়া ও ইট-পাটকেল নিক্ষেপে গোটা ক্যাম্পাস রণক্ষেত্রে পরিণত হয়। পরিস্থিতি ভয়াবহ আকার ধারন করলে বিশবিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো. মোতাহার হোসেন মণ্ডল আড়াইটার দিকে ক্যাম্পাসে পুলিশ ডাকেন। ভিসির অনুমতি পেয়ে দাঙ্গা পুলিশের একটি দল ক্যাম্পাসে প্রবেশ করে ছাত্রদের ছত্রভঙ্গ

আহত : পৃ: ২ ক: ৭

## আহত : পদত্যাগ

(১২ পৃষ্ঠার পর)

করে দেয়। পরে পুলিশ বিশ্ববিদ্যালয়ের শহীদ নূর হোসেন হল ও শহীদ জিয়াউর রহমান হলে তল্লাশি চালিয়ে রামদা, ছুরি, কিরিচ, লাঠি, রডসহ বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করে। পরিস্থিতি মোকাবেলায় ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে উপাচার্য গতকাল রোববার শিক্ষা মন্ত্রণালয়ের সচিব বরাবর পদত্যাগপত্র পাঠিয়েছেন। উপাচার্য প্রফেসর ড. মো. মোতাহার হোসেন মণ্ডল গত বছর ৩১ আগস্ট হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন। বিগত ভিসি ড. মোশাররফ হোসাইন মিয়া ও রেজিস্ট্রার প্রফেসর আবদুল মজিদের বিরুদ্ধে অবৈধভাবে শিক্ষক-কর্মচারী নিয়োগ করে শিক্ষার পরিবেশ নষ্ট করেছেন। তাদের বিরুদ্ধে বিভিন্ন ক্ষেত্রে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ রয়েছে। ওই আমলের দুর্নীতি অনিয়ম যাতে ফাঁস না হয় এজন্য সেই মহলটি বর্তমান ভিসির অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে নেয়া পদক্ষেপের বিপরীতে কাজ করছে বলে বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্র জানান।

এ ব্যাপারে ভিসি ড. মো. মোতাহার হোসেন মণ্ডলের সাথে যোগাযোগ করা হলে তিনি তার পদত্যাগের কথা স্বীকার করে 'সংবাদ'কে জানান, বিশ্ববিদ্যালয়ে ভিসি পদে যোগদানের পর অতীতের অনেক বিষয় তাকে ভাবিয়ে তুলেছে। বিশেষ করে তার যোগদানের পূর্বে অনুমতি ব্যতিরেকে নিয়োগ দেয়া জনবল এবং বিশ্ববিদ্যালয়ের অপর ১২টি প্রকল্পের জনবল আত্মীকরণ না করে অন্যদের নিয়োগ দেয়ায় তিনি বিভিন্ন চাপের সম্মুখীন হচ্ছেন, এ অবস্থা চলতে থাকলে বিপর্যয়ের সম্মুখীন হতে পারেন আশঙ্কায় তিনি উপাচার্য পদ থেকে পদত্যাগ করেছেন।